



STEPPING STONE
SCHOOL (HIGH)

Class- IV

Subject- 2nd Language (Bengali)

Time- 30 minutes

Topic- Grammar

Date- 15/06/2020

Worksheet- 20

ব্যাকরণের বিষয়বস্তুটি প্রথমে ভালো করে পড়বে এবং তারপর নিচে দেওয়া প্রশ্ন গুলির উত্তর লিখবে।

বচন



ছেলেটি ছবি আঁকছে



মেয়েরা নাচছে

প্রথম ছবিতে একজন ছেলেকে দেখানো হয়েছে। দ্বিতীয় ছবিতে একের বেশি অর্থাৎ অনেক মেয়েকে দেখানো হয়েছে। এক বা একের বেশি সংখ্যা বোঝানো পদগুলি হল বচন।

অর্থাৎ :

যার দ্বারা বিশেষ্য ও সর্বনাম পদের সংখ্যা বোঝায় তাকে বচন বলে।

বাংলায় বচন দুই প্রকার - একবচন ও বহুবচন

একবচন : যার দ্বারা বিশেষ্য বা সর্বনামের একটি সংখ্যা বোঝায় তাকে একবচন বলে।

যেমন— ছেলেটি, একটি বাড়ি, ঘড়িটা, অকাশখানা, লাঠিগাছা, আমটি ইত্যাদি।

মনে রাখবে, শব্দের আগে 'এক' বসিয়ে এবং শব্দের পরে টি, টা, খানি, খানা, গাছা, গাছি বসিয়ে একবচন গঠিত হয়।

যেমন— পাখিটি, মেয়েটি, মালাখানি, লাঠিগাছা, বাড়িখানা, নৌকাখানি ইত্যাদি।

বহুবচন : যার দ্বারা বিশেষ্য বা সর্বনামের একের বেশি সংখ্যা বোঝায়। তাকে বহুবচন বলে।

যেমন— পাখিগুলি, ছেলেরা, বালকগণ, সভ্যবৃন্দ, অনেক তারা, বহু মানুষ ইত্যাদি।

মনে রাখবে, মূল শব্দের সঙ্গে গুলি, গুলো, গণ, বৃন্দ, মলা, এরা, রা, দের ইত্যাদি যোগ করে বহুবচন গঠিত হয়।

যেমন— পর্বতমালা, মুনিগণ, সদস্যবৃন্দ, বাতিগুলি, গোরুগুলো, ছেলেদের, বালকেরা, ছেলেরা প্রভৃতি।

আজ আমরা এই পর্যন্তই জানলাম । পরের দিন আমরা একবচন থেকে

বহুবচন রূপান্তরের নিয়মগুলি পড়বো।

এখন তোমরা নিচে দেওয়া প্রশ্নগুলির উত্তর একটি পৃষ্ঠায় লেখো এবং তারপর পৃষ্ঠাটি তারিখ অনুযায়ী ফাইল-এ বেখে দাও।

১। সঠিক উত্তরটি বেছে নাও :

- (ক) বাংলায় বচন দুই প্রকার / তিন প্রকার।
- (খ) 'গুলি' হল একবচনের / বহুবচনের চিহ্ন।
- (গ) 'মালা' শব্দযোগে বহুবচন হল আকাশমালা / পর্বতমালা।
- (ঘ) 'বৃন্দ' যোগে বহুবচন হল সদস্যবৃন্দ / নদীবৃন্দ।
- (ঙ) 'লাঠিগাছা' শব্দটি একবচন / বহুবচন।

২। নীচের বর্ণ বা বর্ণগুচ্ছ যোগ করে একবচনের শব্দ তৈরি করো :

টি, টা, খানা, গাছি, গাছা, এক।